

## গ্রাউন্ড হ্যান্ডেলিং সক্ষমতা বাড়াচ্ছে বিমান

- A Monitor Desk Report

Date: 19 April, 2024



ঢাকা: যাত্রীসেবার উন্নয়ন ও গ্রাউন্ড হ্যান্ডেলিং সক্ষমতা বৃদ্ধির জন্য ৮৪ জন গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট নিয়োগ দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। গত এক বছরে নিয়োগ দেওয়া হয়েছে ১১০০ জনকে।

বৃহস্পতিবার (১৮ এপ্রিল) বিমানের প্রধান কার্যালয় বলাকায় আনুষ্ঠানিকভাবে নতুন ৮৪ জনকে গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্টদের নিয়োগপত্র প্রদান করেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আজিম।

প্রধান অতিথির বক্তব্যে শফিউল আজিম বলেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের যাত্রীসেবার ক্রমাগত উন্নতি ও গ্রাউন্ড হ্যান্ডেলিংয়ের সক্ষমতা বৃদ্ধিতে নতুন নিয়োগপ্রাপ্ত গ্রাউন্ড সার্ভিস এসিস্টেন্টরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

তিনি নতুন নিয়োগপ্রাপ্তদের সততা, কর্মদক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করেন।

উল্লেখ্য, শফিউল আজিম বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এর দায়িত্ব গ্রহণ করার এক বছরে বিমানের বিভিন্ন পদে ১১০০ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে এবং ৫৫০ জনের নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া গ্রাউন্ড হ্যান্ডেলিংয়ের সক্ষমতা বৃদ্ধির জন্য আনুমানিক ১ হাজার কোটি টাকার ইকুইপমেন্ট কেনা হয়েছে।

-B